

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
(বোর্ড প্রশাসন-১ শাখা)  
www.nbr.gov.bd



নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১.১৯

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৯ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত), ট্যাকসেস লিগ্যাল (কর-২২) ও ট্যাকসেস এনফোর্সমেন্ট, (কর-২১) (অতিরিক্ত দায়িত্ব) শাখা (মামলা নং-৩/২০২৬) গত ২৪/১২/২০২৫ খ্রি. তারিখ বুধবার হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন যা দাপ্তরিক কাজে তার অবহেলা প্রতীয়মান হয়। সে প্রেক্ষিতে গত ১৮/০১/২০২৬ খ্রি. তারিখের ০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১.১৯.৯৮৮ নং স্মারকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে তার জবাব প্রদানের জন্য অনুরোধ করা হলেও তিনি জবাব দাখিল করেন নাই; এবং

০২। যেহেতু, জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) (মামলা নং-৩/২০২৬) এর উক্ত কার্যকলাপ সরকারী চাকুরির শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ), ২(চ), ৩(খ) ও ৩(গ) অনুসারে 'অসদাচরণ' ও 'পলায়ন (Desertion)' এর দায়ে একই বিধিমালার বিধি-১২ অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের ০৭ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখের ০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১-১৯৯ নং স্মারক মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারীপূর্বক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়। উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মচারী জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক গত ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখে কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক এর ব্যক্তিগত শুনানির প্রার্থনার প্রেক্ষিতে ১৮/০৫/২০২৬ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে উক্ত কর্মচারী তার অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন এবং এখন থেকে নিয়মিত অফিস করবেন মর্মে অঙ্গীকার করেন। তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ), ২(চ), ৩(খ) ও ৩(গ) অনুসারে 'অসদাচরণ' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি-৪(২)(ঘ) মোতাবেক বেতন গ্রেডের ০৩ (তিন) ধাপ বেতন অবনমিতকরণের লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৪। সেহেতু, জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ), ২(চ), ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি মোতাবেক বেতন গ্রেডের ০৩ (তিন) ধাপ অবনমিতকরণের অর্থাৎ বর্তমান মূল বেতন ১১০৯০/- টাকার তিন ধাপ নিয়ে ৯৫৭০/- টাকা মূল বেতনে অবনমিতকরণের লঘুদণ্ড ০৩ বছরের জন্য প্রদান করা হলো। দণ্ডের মেয়াদকাল পরবর্তীতে বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না এবং উক্ত সময়ের জন্য কোন বকেয়া প্রাপ্য হবেন না। একই সাথে জাতীয় রাজস্ব বোর্ডের ০৭/০৪/২০২৬ খ্রি. তারিখের ০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১.১৯-১৯৮ নম্বর স্মারকে জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক এর সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত আদেশটি প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-  
(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৬১.১৯/২৬৭

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৯ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

**স্মার্তার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৫। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৬। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৭। জনাব ইতিলতা মুখার্জী, অফিস সহায়ক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।



(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।